

প্রধানমন্ত্রী ওমানের সুলতানের কাছ থেকে একটি অভিনন্দনসূচক দূরভাষ বার্তা পেয়েছেন

জুন 11, 2024

আজ প্রধানমন্ত্রী শ্রীনরেন্দ্র মোদী ওমানের সুলতান হজরত সুলতান হাইথাম বিন তারিকের কাছ থেকে একটি ফোন কল পেয়েছেন।

সম্প্রতি শেষ হওয়া সাধারণ নির্বাচনী ফলপ্রকাশে, তৃতীয় মেয়াদে ভারতের প্রধানমন্ত্রী হিসেবে পুনর্নির্বাচিত হওয়ার জন্য সুলতান হাইথাম বিন তারিক প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন।

সুলতান তারিক ওমান এবং ভারতের মধ্যকার পারস্পরিক শতাব্দি প্রাচীন বন্ধুত্বপূর্ণ সম্পর্কের প্রতি গুরুত্ব আরোপ করেছেন এবং ভারতীয় জনগণের অগ্রগতি এবং সমৃদ্ধির লক্ষ্যে তাঁর শুভেচ্ছা বার্তা জানিয়েছেন।

প্রধানমন্ত্রী তাঁর আন্তরিক শুভেচ্ছার জন্য সুলতানকে ধন্যবাদ জানিয়ে উল্লেখ করেছেন যে, ২০২৩ সালের ডিসেম্বর মাসে তাঁর ঐতিহাসিক ভারত সফর দ্বিপাক্ষিক সহযোগিতাকে আরও গভীর করে তুলতে বিশেষভাবে সাহায্য করেছেন।

উভয় নেতাই তাঁদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন এবং ভারত-ওমান অংশীদারিত্বকে আরও গভীর এবং শক্তিশালী করে তুলতে সম্মতি প্রদান করেছেন, এরফলে উভয় দেশেরই পারস্পরিক উপকার হবে বলে আশা করা যায়।

প্রধানমন্ত্রীও সুলতান এবং ওমানের জনগণকে আসন্ন ইদ উল-আদহা উৎসবের আগাম শুভেচ্ছা জানিয়েছেন।

নতুন দিল্লি

জুন 11, 2024